দৈনিক ইত্তেফাক

তারিখ 01 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ১

144

# ছাত্রদলের আভ্যন্তরীণ দ্বন্দ্বের আপাতঃ অবসান—

**ইত্তেফাক রিপোর্ট ॥** জাতীয়তাবাদী ছাত্রদলের আভ্যন্তরীণ দ্বন্দ্বের আপাততঃ অবসান ঘটিয়াছে। জাকার্তা যাত্রার প্রাক্কালে রবিবার সন্ধ্যায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদল নেতৃবৃন্দকে সুগন্ধায় ডাকিয়া বিরোধ মীমাংসার পরামর্শ দেন। প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক যথাক্রমে রিজভী, ইলিয়াস ও মালেক দীর্ঘ এক মাস পর গতকাল (সোমবার) ক্যাম্পাসে যান এবং সংগঠনের নেতা-কর্মীদের নিয়া সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করেন। সংগঠনের বিবাদমান দুই গ্রুপের কর্মীরাই এই সভায় যোগ দেয়। ২রা আগষ্ট ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার পর ছাত্রদলের মধ্যে আভ্যন্তরীণ দ্বন্দ্ব শুরু হয়। (১১পৃঃ দ্রঃ)

## ছাত্রদল

(১ম পৃঃ পর)

'অগণতান্ত্রিক প্রক্রিয়ায় কমিটি ঘোষণা করা হইয়াছে'—এই দাবী করিয়া সংগঠনের একদল নেতা-কর্মী ৩রা আগষ্ট জাতীয় প্রেস-ক্লাবের সম্মুখে অনশন কর্মসূচী পালন করে। বিএনপি ও ছাত্রদল নেতৃবৃন্দের হস্তক্ষেপে অনশন কর্মসূচী প্রত্যাহার করা হইলেও ক্ষোভ অব্যাহত থাকে। সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদকের উপস্থিতি ছাড়াই ক্যাম্পাসে ছাত্রদলের সভা; সমাবেশ, মিছিল অনুষ্ঠিত হইতে থাকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলে উপদলীয় কোন্দলের সৃষ্টি হয়। রবিবার প্রকাশ্য দিবালোকে ক্যাম্পাসে ছাত্রদলের দুই গ্রুপ বন্দুকযুদ্ধে লিপ্ত হইলে সংগঠনের কেন্দ্রীয় পর্যায়ে সন্ত্রাস বিরোধী মনোভাব স্পষ্ট হইয়া উঠে। প্রধানমন্ত্রী, বি,এন,পি'র চেয়ারপারসন বেগম খালেদা জিয়া রবিবার সন্ধায় ছাত্রদল নেতৃবৃন্দকে সুগন্ধায় তলব করেন। একটি সূত্র জানায়, প্রধানমন্ত্রী হুঁশিয়ারি উচ্চারণ করিয়া বলেন, ছাত্রদল সন্ত্রাসীদের সংগঠন নয়। কাজেই এই সংগঠনে কেউ সন্ত্রাসী হিসাবে অভিযুক্ত হইলে তৎক্ষণাৎ বহিষ্কার করা হইবে।

গতকাল সকাল সাড়ে ১১টায় ছাত্রদল নেতৃবৃন্দ মধুর কেন্টিনে মিলিত হন। কর্মীদের সহিত চা-পর্ব সারিয়া মিছিল বাহির করা হয়। মিছিল শেষে ডাকসু ভবনের সম্মুখে এক সন্ত্রাস বিরোধী সভার আয়োজন করা হয়। সভায় বলা হয়, একটি বিশেষ মহল সুপরিকল্পিতভাবে শিক্ষাঙ্গনে সন্ত্রাসী তৎপরতা শুরু করিয়াছে। রবিবার পরীক্ষা পিছানোর দাবীতে একটি বিশেষ ছাত্র সংগঠনের সশস্ত্র কর্মীরা ক্যাম্পাসে গোলাগুলী করে। অথচ এই ঘটনায় ছাত্রদলকে জড়ানো হইয়াছে।

রিজভী আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ফজলুল হক মিলন, নাজিম উদ্দিন আলম, মনিরুজ্জামান মনির, আবুল খায়ের ভুইয়া, কামরুজ্জামান রতন, রফিকুল ইসলাম জগলু, আবদুল মালেক, হাবিব-উন-নবী সোহেল ও আলী আকাস নাদিম বক্তৃতা করেন। সভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক ইলিয়াস আলী।